[illegible]



[illegible]

[illegible]

## ১) প্রতিষ্ঠানের নাম:- মোল্লাপুর ফ্রেন্ডস্ সোসাইটি ওয়েলফেয়ার ট্রাষ্ট ইউকে

প্রতিষ্ঠানের নাম সংক্ষেপে: এমএফএসওটি ইউকে

স্থাপিত: ৩০-০৬-২০০৮ ইংরেজী

অনুমোদিত

## ২) অফিস:-

এই প্রতিষ্ঠানের প্রধান অফিস থাকবে ইউকে তে। এছাড়াও এই প্রতিষ্ঠান তার শাখা অফিস পৃথিবীর অন্যান্য দেশে প্রতিষ্ঠিত করতে পারবে।

## ৩) লক্ষ্য ও উদ্দেশ্য সমূহ:-

ক) এই প্রতিষ্ঠান রাজনৈতিক দলের আওতামুক্ত থাকবে।

খ) এই প্রতিষ্ঠান মাল্লাপুর গ্রামের বাসিন্দা ইউকে এবং বাংলাদেশের মানুষের কল্যাণের জন্য বিভিন্ন সমাজকল্যানমূলক কাজ করবে যার আওতায় শিক্ষা সম্প্রসারণ, দারিদ্র দূরীকরণকে অগ্রাধিকার দেয়া হবে।

গ) মোল্লাপুর গ্রামের উন্নয়নের জন্য ইউকেতে ও বিশ্বের অন্যান্য দেশে বসবাসরত গ্রামের অধিবাসীদের একত্রীকরণ করাও এই প্রতিষ্ঠানের অন্যতম প্রচেষ্টা হবে।

ঘ) উপরের উদ্দেশ্য সমূহ ছাড়াও এই প্রতিষ্ঠান নিম্নলিখিত কাজ সমূহ আইনের বিধান অনুযায়ি সম্পাদন করতে পারবে।

১) সংস্থার কাজ পরিচালনার জন্য কাউকে নিয়োগদান অথবা বেতন প্রদান করতে পারবে।
২) সংস্থার ফান্ড বৃদ্ধির জন্য ক্রয়, বিক্রয়, ভাড়া লিজ সংস্থার নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে করা যাবে।

## ৪) ট্রাষ্টি:-

ক) মোল্লাপুর গ্রামের ১৮ বছরের উপরে যে কোন অধিবাসি সংস্থার নিয়মকানুন মেনে ট্রাষ্টিশীপের জন্য আবেদন করতে পারবেন।
খ) সম্মানি ট্রাষ্টি: মোল্লাপুর গ্রামের বাসিন্দা নয় এমন যে কেউ সম্মানি ট্রাষ্টির জন্য আবেদন করিতে পারবেন।
গ) নির্বাহী কমিটি দ্বারা অনুমোদিত হলে যেকোন আবেদনকারী সংস্থার ট্রাষ্টি/সম্মানীত ট্রাষ্টি/ডনার/সম্মানীত ডনার হিসেবে গন্য হবেন।
ঘ) রাষ্ট্র ও সমাজ বিরোধী ব্যতিত কোন ট্রাষ্টি/সম্মানীত ট্রাষ্টি/ডনার/সম্মানীত ডনার পদ সাধারণ সভায় বাতিল করা সম্ভব নয়।
ঙ) ট্রাষ্টি ফি: ১০০ পাউন্ড অথবা ১০০ পাউন্ডের সমপরিমাণ যেকোন দেশের মুদ্রা যা অফেরতযোগ্য।

চ) মোল্লাপুর গ্রামের কোন বাসিন্দা বৈবাহিকসূত্রে অন্য কোন গ্রামের বাসিন্দা অথবা অন্যকোন দেশের নাগরীকত্ব লাভ অথবা অন্য কোন এলাকার ভোটার লিষ্টে নাম অন্তর্ভূক্ত হলে সংস্থার ডনার/ট্রাষ্টি সদস্য পদ গ্রহন অথবা ভোট প্রদানের ক্ষেত্রে কোন বাধা থাকবে না।

ছ) মোল্লাপুর গ্রামের কোন পুরুষ অন্য কোন গ্রাম বা জেলার বাসিন্দা হলে অথবা অন্য কোন দেশের নাগরিকত্ব গ্রহন করলে তাকে মোল্লাপুর গ্রামের অধিবাসী হিসেবে গণ্য করা হবে। এবং তাঁর পরবর্তি প্রজন্মদেরকেও একিইভাবে মোল্লাপুর গ্রামের অধিবাসি হিসেবে গন্য করা হবে।

জ) কোন ট্রাষ্টি/ডনার/সম্মানিত ট্রাষ্টি/সম্মানিত ডনারের মৃত্যু ঘটলে সে ক্ষেত্রে ট্রাষ্টি বা ডনার তালিকা থেকে তাঁর নাম বাতিল করা যাবে না।

৫) ডনারঃ

৫০০শত পাউন্ড অথবা এর বেশী পরিমাণ যে কোন দেশের মুদ্রা দানকারি ডনার হিসেবে গণ্য হবেন। মোল্লাপুর গ্রামের অধিবাসি নয় এমন কেউ হলে তিনি সম্মানিত ডনার হিসেবে গন্য হবেন। দানকৃত টাকা অফেরতযোগ্য।

## ৬) কার্য-নির্বাহী কমিটিঃ

**সভাপতি ১ জন, সহ-সভাপতি ১ জন, সাধারণ সম্পাদক ১ জন, সহ-সাধারণ সম্পাদক ১ জন, কোষাধ্যক্ষ ১ জন, সহ কোষাধ্যক্ষ ১ জন, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক ১ জন, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক ১ জন এবং ৫ জন সদস্য।**

## ৭) নির্বাচন :

ক) প্রতি দুই বছর পর ভোটের মাধ্যমে কার্যনির্বাহী কমিটি গঠিত হবে।

খ) প্রত্যেক ট্রাষ্টি ও ডনার ভোটার বলে গণ্য হবেন।

গ) সম্মানিত ট্রাষ্টি ও সম্মানিত ডনার ভোটার বলে গন্য হবেন না।

ঘ) ইউকেতে বৈধভাবে বসবাসকারি ট্রাষ্টি/ডনার নির্বাচনে প্রার্থি হতে পারবেন।

ঙ) নির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার তিন মাস পূর্বে নির্বাহী কমিটি তিন জন নিরপেক্ষ ব্যক্তিকে নির্বাচন কমিশিন হিসেবে নিয়োগ দিতে হবে যারা কার্যনির্বাহি কমিটির সদস্য নন। এবং তিন জনের মধ্যে এক জনকে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করতে হবে। এবং ইউকেতে বহুল প্রচারিত দুইটি বাংলা সংবাদ-পত্র সহ প্রচার মাধ্যমে তা প্রচার করতে হবে।

চ) সংস্থার নির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার ৩০ দিন পূর্ব থেকে নতুন কোন ট্রাষ্টি অনুমোদন করতে পারবেন না।

ছ) নির্বাহী কমিটি সংস্থার সকল ট্রাষ্টিদের লিষ্ট নির্বাচন কমিশন চাহিবামাত্র দিতে বাধ্য থাকবেন।

জ) নির্বাচন কমিশন ভোটার লিষ্ট সকল প্রতিদ্বন্দি প্রার্থির সুবিধার্থে নির্বাচনের ১ মাস পূর্বে একিই দিনে প্রতিদ্বন্দি প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থিকে দিতে বাধ্য থাকিবেন।

ঝ) নির্বাহি কমিটির মেয়াদ শেষ হওয়ার ২ মাসের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত করতে হবে। এবং নির্বাচন শেষ হওয়ার পর সময় খেপন না করে প্রতিদ্বন্দি প্রার্থিদের অথবা তাঁদের বৈধ এজেন্টদের উপস্থিতিতে নির্বাচন কমিশনারগণ ভোট গননা করে সর্বাধিক ভোট প্রাপ্ত ব্যক্তিকে নির্বাচিত ঘোষনা করে ফলাফল বিবরনী লিখিত ভাবে প্রার্থিদের অথবা তাঁদের বৈধ এজেন্টদের কাছে প্রদান করবেন। কোন কারণে প্রার্থি বা তাঁর বৈধ এজেন্ট উপস্থিত না থাকলে নির্বাচন কমিশন ১ সপ্তাহের মধ্যে সংবাদপত্রের মাধ্যমে ফলাফল প্রকাশ করবেন।

ঞ) নির্বাচন কমিশিন নির্বাচন পরিচালনা করবেন। নির্বাচন কমিশনের চেয়ারম্যান ভোটার হিসেবে গণ্য হবেন তবে এই ভোট প্রয়োগ করতে পারবেন শুধু ২ বা অধিক প্রার্থির সমান সংখ্যক ভোটের ক্ষেত্রে। চেয়ারম্যান যেকোন প্রার্থিকে ভোট প্রদান করে নির্বাচিত ঘোষনা করতে পারবেন অথবা প্রয়োজনে কমিশনের চেয়ারম্যান লটারী করে প্রার্থি বিজয়ী ঘোষনা করতে পারবেন।

ট) নির্বাচন কমিশন যুক্তরাজ্যে অধিক সংখ্যক ভোটারদের সুবিধা বিবেচনা করে ভোট কেন্দ্র নির্ধারণ করবেন।

ঠ) প্রত্যেক ভোটার প্রতি পদে তাহার পছন্দের প্রার্থিকে একটি করে ভোট দিতে পারবনে।

ড) কার্যনির্বাহী পরিষদ তার সময়কালে পরবর্তি কমিটির জন্য নির্বাচন আয়োজনে ব্যর্থ হলে বা কোন কারণে কার্যনির্বাহি কমিটি বাতিল হলে এ ক্ষেত্রে প্রতিষ্ঠাতা সদস্যরা দায়িত্ব গ্রহন করবেন। প্রতিষ্ঠাতা সদস্যদের মধ্যে অধিক সংখ্যক সদস্যদের মতামতে একজন সভাপতি একজন সাধারণ সম্পাদক ও একজন ট্রেজারার নির্বাচিত হবেন। এবং প্রতিষ্ঠাতা অন্য সকল সদস্য কার্যকরী কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন। এবং এই কমিটির মেয়াদ হবে পাঁচ মাস এবং কমিটি সংবিধানের নিয়মনীতি মেনে নির্বাচনের আয়োজন করবেন। এবং এই কমিটির কাছে মেয়াদ উত্তির্ণ কমিটি সংগঠনের ব্যাংক একাউন্ট সহ সকল সম্পদ লিখিতভাবে নতুন কমিটি গঠনের দু-সপ্তাহের মধ্যে সমজিয়ে দিতে বাধ্য থাকবেন। এই কমিটি সংবিধান অনুসারে নতুন কমিটি নির্বাচনের প্রয়োজনে ব্যাংক থেকে অর্থ উত্তোলন ব্যতিত অন্য কোন কার্যক্রম সম্পাদন করতে পারবেন না।

ঢ) প্রতিষ্ঠাতা সদস্যদের দ্বারা গঠিত কমিটিকে অন্য সকল কমিটির ন্যায় সমান মর্যাদায় সংস্থার একটি কমিটি হিসেবে গণ্য করা হবে।

ণ) প্রতিষ্ঠাতা সদস্য দ্বারা গঠিত কমিটি কোন ব্যক্তিকে ট্রাষ্টি অথবা ডনার হিসেবে গ্রহন করলে সেই ট্রাষ্টি/ডনার বর্তমান মেয়াদে ভোটার হতে পারবেন না এবং নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন না । তবে পরবর্তি মেয়াদে তাঁকে ভোটার হিসেবে গণ্য করা হবে।

ত) যুক্তরাজ্যের আদালত কর্তৃক ফৌজধারী মামলায় অভিযুক্ত কোন ব্যক্তি যিনি সমাজের জন্য নিরাপদ নয় এ ধরণের কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন না। অভিযুক্ত ব্যক্তি তথ্য গোপন করে নির্বাচনে অংশ গ্রহন বা নির্বাচিত হলেও তথ্য প্রমাণের ভিত্তিতে তার প্রার্থিতা বা পদ বাতিল বলে গণ্য হবে।

থ) নির্বাচনের ক্ষেত্রে সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থি পূর্ণ একটি প্যানেল নির্বাচন কমিশনে দাখিল করতে হবে অন্যতায় নির্বাচনে অযোগ্য বিবেচিত হবেন। নির্বাচনে প্যানেল আকারে অংশ গ্রহন করলেও নির্বাচন হবে প্রার্থি বিশেষে। নির্বাচনে অংশ গ্রহনকারী প্রতি প্যানেলকে ১ টি করে প্রতিক বরাদ্ধ করবে নির্বাচন কমিশন। যাহা ১ টি প্যানেলের সকল পদপ্রার্থি ব্যবহার করতে পারবেন।

দ) কোন ট্রাষ্টি বা ডনার নির্বাচনে প্রার্থি হওয়ার যোগ্যতা অর্জন করতে হলে নির্বাচন পূর্ববর্তি কমিটির মেয়াদকালে ট্রাষ্টের অগ্রগতির প্রয়োজনে নতুন ১ জন ব্যক্তিকে ট্রাষ্টি/ডনার/ সম্মানিত ট্রাষ্টি/ সম্মানিত ডনার হিসাবে নিয়োগ করাতে হবে।

ধ). ট্রাষ্টের কোন সভাপতি বা সাধারণ সম্পাদক পর পর ২ মেয়াদে প্রার্থি হতে পারবেনা না। ১ মেয়াদ অন্তর যে কোন সময় প্রার্থি হতে পারবেন। সভাপতি অথবা সাধারণ সম্পাদক পদে যেকোন ব্যক্তি ২ বার দায়িত্ব পালন করলে তৃতীয়বার তিনি উক্ত ২ পদের জন্য অযোগ্য প্রার্থি হিসেবে বিবেচিত হবেন।

ন). সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ পদ প্রার্থি হতে হলে নির্বাচনের ২ বছর পূর্ব থেকে ট্রাষ্টি বা ডনার হিসেবে যোগ্যতা অর্জন করতে হবে।

প). নির্বাচন কমিশন কর্তৃক নিধরীত সময়ের মধ্যে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় ইচ্ছুক ব্যক্তি নমিনেশন ফি সহ নমিনেশন পেপার পূরন করে নির্বাচন কমিশনের কাছে জমা দিতে হবে।

ফ). নমিনেশন ফি: সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থি প্রতি: ১৫০ পাউন্ড। সহ-সভাপতি, সহ-সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক প্রতি ১০০ পাউন্ড। সহ-কোষাধ্যক্ষ, সহ-সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক প্রতি ৫০ পাউন্ড। সদস্য প্রতি ৩০ পাউন্ড। নির্ধারীত এই ফি সাধারণ সভায় উপস্থিত অধিক সংখ্যংক সদস্যের মতামতের ভিত্তিতে পরিবর্তন হতে পারবে।

ধ). কার্য নির্বাহী সদস্য নির্বাচনের ক্ষেত্রে ১ম সদস্য, ২য় সদস্য, ৩য় সদস্য, ৪র্থ সদস্য ৫ম সদস্য পদপ্রার্থি হয়ে নির্বাচনে অংশ গ্রহন করবেন।

ত). প্রত্যেক ভোটার ভোট প্রদানের পূর্বে তাঁদের পরিচয় পত্র হিসেবে নিজ পাসপোর্ট অথবা ড্রাইভিং লাইসেন্স নির্বাচন কমিশন অথবা নির্বাচন কমিশন কর্তৃক নিযুক্ত ব্যক্তিকে প্রদর্শন করতে হবে।

## ৮) কার্য নির্বাহী কমিটির নিয়ম ও ক্ষমতাঃ-

ক) কার্য নির্বাহী পরিষদের সময়কাল হবে নির্বাচনের ফলাফল ঘোষানার দিন থেকে ২ বছর।

খ) নির্বাহি কমিটির সভাপতি সকল ধরণের সভায় সভাপতিত্ব করবেন।

গ) যে কোন সভা আহ্বানের ক্ষেত্রে সাধারণ সম্পাদকের নাম ব্যবহার করা হবে। প্রয়োজনে সভাপতির নাম ব্যবহার করা যেথে পারে।

ঘ) নির্বাহি কমিটির সভাপতি অথবা সাধারণ সম্পাদক এর অবর্তমানে সহ সভাপতি এবং সহ সাধারণ সম্পাদক যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করবেন।

ঙ) কোষাধ্যক্ষ : সকল আয় ব্যয়ের হিসাব রাখবেন এবং সাধারণ সভায় পেশ করবেন। এবং সাধারণ সভায় সকল সদস্যকে বার্ষিক হিসাবের একটি কপি দিতে বাধ্য থাকবেন। এছাড়াও সংস্থার প্রয়োজনে যেকোন সময় হিসাব প্রকাশ করতে বাধ্য থাকবেন।

চ) কোষাধ্যক্ষের অবর্তমানে সহ কোষাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন।

ছ) নির্বাহি কমিটি প্রতি ৪ মাস অন্তর মিটিং ডাকতে বাধ্য থাকবেন। প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করিতে পারবেন।

জ) নির্বাহী কমিটির অধিকাংশ সদস্য কোন বিষয়ে একমত হলে তাহা সিদ্ধান্ত হিসেবে গন্য হবে।

ঝ) নির্বাহী কমিটির কোন সদস্য বা কর্মকর্তা যদি কার্য নির্বাহী কমিটির পর পর ২ টি সভায় উপস্থিত না হন তাহলে তার কার্যকরী সদস্যপদ থাকবেনা অথবা তার কোন ভোট বা মতামত কার্যনির্বাহী ক্ষেত্রে গ্রহনযোগ্য হবেনা। সভায় অনুপস্থিত সদস্য কোন গ্রহনযোগ্য কারণ কার্যনির্বাহী কমিটির সভায় লিখিত আকারে উপস্থাপন করেন এবং নির্বাহি কমিটির অধিক সংখ্যক সদস্য অনুপস্থিতির কারণ গ্রহনযোগ্য বলে একমত হন সে ক্ষেত্রে অনুপস্থিত সদস্য তাঁর সকল ক্ষমতা ফিরে পাবেন।

ঞ) নির্বাহী কমিটির কোন সদস্য বা কর্মকর্তা সংগঠন বিরোধী কোন গুরুতর কাজ করলে তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া যেতে পারে, এক্ষেত্রে সাধারণ সম্পাদক উল্লেখিত সদস্যের দোষ-ত্রুটি উল্লেখ করে কেন তাকে সংগঠন থেকে বহিস্কার করা যাবে না তাহা জানিয়ে একুশ দিনের সময় দিয়ে নোটিশ পাঠাতে হবে। একুশ দিন পর নির্বাহী কমিটির অধিকাংশ সদস্যের মতামতে যে কোন সিদ্ধান্ত গ্রহন করতে পারবেন।

ট) সাধারণ সম্পাদক সংগঠন বিরোধী গুরুতর কোন কাজ করলে সেক্ষেত্রে সংগঠনের পক্ষে সহ সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদক বরাবরে নোটিশ এবং সংবিধানের ৭ এর ঞ ধারা মোতাবেক কার্য পরিচালনা করবেন।

ঠ) মোল্লাপুর ফ্রেন্ডস্‌সোসাইটি ওয়েলফেয়ার ট্রাষ্ট ইউকে বাংলাদেশে যেকোন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বাংলাদেশে অবস্থিত মোল্লাপুর ফ্রেন্ডস্ সোসাইটি ক্লাবের কর্মকর্তাদের সাথে সমন্বয় করবে। তবে যেকোন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মোল্লাপুর ফ্রেন্ডস্ সোসাইটি ওয়েলফেয়ার ট্রাষ্ট ইউকে'র সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ড) সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক সকল প্রকার প্রকাশনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের দায়িত্ব পালন করবেন। সম্পাদকের অনুপস্থিতিতে সহ সম্পাদক দায়িত্ব পারন করবেন।

## ৯) অর্থ সংস্থানঃ-

অনুমোদিত Ahmed 07-07-15 Nazmul 07-07-1 07 07-07 Haque 7/7/15 07.07.15 Saif 07 07-1 Rahm 07/07/1 7.7.15 7/7/15

ক) সংস্থার পক্ষে উত্তোলিত সকল অর্থ একমাত্র সংস্থার লক্ষ্য বাস্তবায়নের জন্য ব্যবহৃত হবে।
খ) লভ্যাংশ ছাড়া কোন ট্রাষ্টি/ডনার/সম্মানিত ট্রাষ্টি/সম্মানিত ডনারের কাছ থেকে আদায়কৃত ফি খরচ করা যাবে না
গ) লভ্যাংশের ৭৫% খরচ করতে পারবেন এবং বাকী ২৫% মূলধনের সাথে সংযুক্ত হবে।
ঘ) সংস্থার নামে বৃটেনে ও বাংলাদেশের ব্যাংকে একাউন্ট পরিচালনা করা হবে। যাহা সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ এই তিনজনের নামে পরিচালিত হবে তাদের মেয়াদকাল পর্যন্ত। তবে ব্যংকের আইন অনুসারে তা পরিবর্তিত হতে পারে।
ঙ) সংস্থার নামের যে কোন টাকা বা পাউন্ড দু-সপ্তাহের মধ্যে ব্যাংক একাউন্টে জমা রাখতে বাধ্য থাকবেন। সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ সংস্থার খরচের প্রয়োজনে একশত পাউন্ড বা তার সমপরিমান টাকা নিজের অধিনে রাখতে পারবেন।
চ) সংস্থার সকল প্রকার খরচের রশিদ রাখতে হবে অন্যতায় হিসাব গ্রহনযোগ্য হবেনা।
ছ) নির্বাহী কমিটি তাদের ক্ষমতা গ্রহনের দিন থেকে ক্ষমতার শেষ দিন পর্যন্ত ব্যাংক একাউন্ট পরিচালনায় ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।
জ) মেয়াদ উত্তির্ণ কমিটি নতুন কমিটিকে ব্যাংকের হিসাব সহ একাউন্ট সমজিয়ে দিতে বাধ্য থাকবেন। অন্যতায় নতুন কমিটি আইনের আশ্রয় নিতে পারবেন।
ঝ) সংস্থার সকল ধরণের চুক্তি বা চেকে সংস্থার সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ এই তিনজনের মধ্যে যে কোন দুইজন স্বাক্ষর করতে পারবেন। তবে অন্য পক্ষের নিয়মনীতির সাথে সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে এই আইনের পরিবর্তন ঘটতে পারে।

## ১০). প্রয়োজনীয় সভাঃ-

সংস্থার যে কোন ১৩জন সদস্য প্রজ্ঞাপনের স্বাক্ষরের মাধ্যমে সভাপতি এবং সাধারণ সম্পাদককে নির্বাহী কমিটির অথবা সাধারণ সদস্যদের সভা আহ্বানের অনুরোধ করতে পারবেন। যদি সভাপতি এবং সাধারণ সম্পাদক এক্ষেত্রে অস্বীকৃতি প্রকাশ করেন, যেখানে তাদেরকে ২১ দিনের নোটিশ প্রদান করা হয়েছে, সেক্ষেত্রে উক্ত ১৩ জন সদস্য সাধারণ সভা আহ্বানের নোটিশে স্বাক্ষর করে সাধারণ সভা আহ্বান করতে পারবেন। সাধারণ সভায় সংস্থার মোট সদস্যদের অধিকাংশ যেকোন সিদ্ধান্তে উপনিত হলে কার্যনির্বাহি পরিষদ তা বিবেচনায় নিতে বাধ্য থাকবেন। প্রয়োজনে সাধারণ সভা কার্যনির্বাহি কমিটি বাতিলের সিদ্ধান্ত গ্রহন করতে পারবেন।

## ১১). ডনার ও ট্রাষ্টি ফরম নমুনাঃ-

সকল ডনার/ ট্রাষ্টি ফরম ডিজাইন এবং অনুমোদন নির্বাহী কমিটি দ্বারা অনুমোদিত হতে হবে।

## ১২) সাধারণ সভাঃ-

ক) নির্বাহী কমিটি প্রতি বছর শেষ মাসে তাদের বাতসরিক কর্মকান্ড এবং ব্যংক একাউন্টের হিসাব সাধারণ সদস্যদের ডেকে তাদের সামনে উপস্থাপন করেত বাধ্য থাকবেন। বাতসরিক মিটিং আয়োজনের তিন সপ্তাহ পূর্বে ইউকেতে বহুল প্রচারিত দুইটি বাংলা সংবাদপত্রে সভা সংক্রান্ত সংবাদ প্রকাশ করতে বাধ্য থাকবেন। এছাড়া

অনুমোদিত
07-07-
Nazmul 07-07
07-
07-07
7/7
07.07.15
Saif 07.07.1
07/07/
7.7.15
7/7/1

প্রত্যেক সদস্যের বর্তমান ঠিকানায় নিমন্ত্রনপত্র ডাকযোগে পৌঁছাতে হবে। এছাড়াও ইমেইল ফেইসবুক ও অন্যান্য মাধ্যম ব্যবহার করা যেতে পারে।

খ) প্রত্যেক ট্রাষ্টি ও ডনার সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন তবে সম্মানিত ট্রাষ্টি ও সম্মানিত ডনার সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন না।

## ১৩) সংবিধান সংশোধন:-

প্রতিষ্ঠাতা সদস্য এবং তাদের ক্ষমতা ব্যতিত সংস্থার অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে সংবিধানের যে কোন আইন বা কোন ধারা উপ-ধারা সাধারণ সভার সকল নিয়ম মেনে পরিবর্তন করতে পারবেন।

## ১৪) সম্পদ সংরক্ষণ:

সংস্থার সকল সম্পদ লিখিতভাবে রাখতে হবে। নতুন কমিটি মেয়াদ উর্ত্তির্ণ কমিটির কাছ থেকে সংস্থার সকল সম্পদ লিখিত আকারে গ্রহন করতে হবে। মেয়াদ উর্ত্তির্ণ কমিটি নতুন কমিটির প্রথম কার্যনির্বাহী কমিটির সভায় সংস্থার সকল সম্পদ লিখিত আকারে সমজিয়ে দিতে বাধ্য থাকবেন। অন্যতায় নতুন কমিটি আইনের আশ্রয় নিতে পারবে।

## ১৫) ট্রাষ্টি/ডনার ক্রমান্বয়:

ট্রাষ্টি/ ডনার ক্রমান্বয়ের ক্ষেত্রে ট্রাষ্টি/ডনারশীপ গ্রহনের তারিখকে অগ্রাধিকার দেয়া হবে।

## ১৬) প্রতিষ্ঠাতা সদস্য:

মোল্লাপুর ফ্রেন্ডস্ সোসাইটি ওয়েলফেয়ার ট্রাষ্ট ইউকে যে ১০ জন ব্যক্তি গঠন করেছেন তাদেরকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে গন্য করা হবে।

১৬.১. ছরওয়ার আহমদ (বিজি) পিতা: মরহুম হাজী নিমার আলী,
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

UK Address: 35 Cobden Road, Leytonstone, London E11 3PE

১৬.২ নাজমুল ইসলাম তাপাদার (এসকে) পিতা: মরহুম আব্দুল মালিক তাপাদার,
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Nazmul Islam Tapadar
56 High Street, Newport, Essex, CB11 3QX

১৬.৩ আব্দুল মুকিত বাবুল (এমজি) পিতা: মরহুম মাহমদ আলী
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Abdul Mukit Babul
13 Russell Avenue, Lovking, Weston Super Mare BS24 7GH

১৬.৪ সুলতান আহমদ (এমজি) পিতা : হাজি মো: নুরুল ইসলাম
বাংলাদেশ ঠিকানা: গ্রাম: মোল্লাপুর সবুজবাগ, ডাকঘর: নিদনপুর, উপজেলা: বিয়ানীবাজার, জেলা: সিলেট।
Sultan Ahmed 29 Comet Drive, Shrewsbury, Shopshire, SY1 4AY

১৬.৫ মোহাম্মদ নজরুল হক (এমজি) পিতা: মৃত মো: ফখরুল হক
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Md Nazrul Hoque
7 Henley House, Swanfield Street, London E2 7JA

১৬.৬ আবুল কাশেম (এমকে) পিতা: হাজী মছদ্দর আলী
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Abdul Kasim Ali
11 Chapel House Close, Guildford, Surrey GU2 8EE

১৬.৭ হেলাল উদ্দিন আহমদ (ইউজি) পিতা: জমসিদ আলী
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Helal Uddin Ahmed
5 Great Field Avenue, East Ham, E6 3RU Landon

১৬.৮ রিয়াজ আহমদ সৈয়দ (এমজি) পিতা: তমজিদ আলী
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Riaz Ahmed Syed
Flat 1, 31 Stanley Road, Ilford, Essex IG1 1RW

১৬.৯ মো: ছয়ফুল আলম (বিজি) পিতা হাফিজ হাজি মোহাম্মদ আজিজুর রহমান
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Md Soiful Alom
63 Browning Road, Luton, Bedfordshire, LU40 LF

১৬.১০ রুহেল আহমদ সুইট (বিজি) পিতা: মরহুম হাজী মুহিব আলী
বাংলাদেশ ঠিকানা: গ্রাম- মোল্লাপুর, ডাকঘর-নিদনপুর, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট

Ruhel Ahmed Sweet, 9 Walberswick Street, London Sw8 1XF

## ১৭) বিলুপ্তি করণ:

যদি কখনোও এই সংস্থার অচলাবস্থা দেখাদেয় বা বিলুপ্তির প্রয়োজন হয় তখন সংস্থার দুই তৃতীয়াংশ সদস্যের মতামতের ভিত্তিতে সংস্থার যাবতীয় মালামাল মোল্লাপুর গ্রামের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে দান করতে হবে।

বি:দ্র: এই সংবিধানের কোন ধারা উপধারা ব্যতিরেকে কোন সদস্য অথবা কর্মকর্তা কোন কার্য পরিচালনা করেন সেক্ষেত্রে ট্রাস্টের যে কোন সদস্য আইনের আশ্রয় নিতে পারবেন।

**সমাপ্ত:**

অনুমোদিত:
প্রতিষ্টাতা সদস্য: ---------------------------------------------------স্বাক্ষর:------------------

১. ছরওয়ার আহমদ---------------------------------------------------------------- 07-07-15
২. নজমুল ইসলাম তফাদার---------------------------------------------------------- 07.07.15
৩. আব্দুল মুকিত বাবুল------------------------------------------------------------ 7/7/15
৪. সুলতান আহমদ---------------------------------------------------------------- 07-07-15
৫. মোহাম্মদ নজরুল হক------------------------------------------------------------ 7/7/15
৬. আবুল কাশেম---------------------------------------------------------------- 07-07-15
৭. হেলাল উদ্দিন আহমদ---------------------------------------------------------- 7.7.15
৮. রিয়াজ আহমদ সৈয়দ------------------------------------------------------------ 07.07.15
৯. মো: ছয়ফুল আলম-------------------------------------------------------------- 07.07.15
১০. রুহেল আহমদ সুইট------------------------------------------------------------ 07/07/15